উপজেলা পরিষদ কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।

আগস্ট/২০২২মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ ঃ ২৫-০৮-২০২২খ্রি. সময় ঃ বেলা-১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট ক,খ।

সভাপতি সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর সভায় সকলের পরিচিতি পর্ব শেষ করে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকরের লক্ষে দুই হাজার একচল্লিশ সালের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২. **আলোচনা ঃ** বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণীতে সংশোধন/সংযোজন/পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** সংশ্লিষ্ট সকল।

০৩. **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা প্রতিনিধি তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে,মহাবিশ্বে মহামারী কোভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের নির্দেশনা মোতাবেক লোকজনদেরকে রেজিস্ট্রেশনের মাধ্যমে উপজেলা কমপ্লেক্সে ভ্যাকসিন দেওয়া হচ্ছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর এবং উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, যথাযথভাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসা রোগীদেরকে স্বাস্থ্য বিধি মেনে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

**সিদ্ধান্ত** (১) ঃ আলোচনান্তে সমগ্র বিশ্বে মহামারী কোভিড-১৯ করোনা ভাইরাস্ সংক্রমণ প্রতিরোধে যথাযথ ভাবে স্বাস্থ্য বিধি মেনে সরকারের নির্দেশনা মোতাবেক মেডিকেল টিমের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে জনসাধারণকে বিভিন্ন ভাবে আরও সচেতন করে তুলতে হবে। কোভিড-১৯ করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীদের স্বাস্থ্য বিধি মেনে চিকিৎসা প্রদান করতে হবে, এ বিষয়ে কোন প্রকার গাফিলতি বা শৈথিল্য প্রদর্শন না করার জন্য অনুরোধ জানানো হয়।

(২) ঃ জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করণসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়। একই সাথে চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুরক্ষার বিষয়ে অধিকতর যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর,সংশ্লিষ্ট সকল।

০৪. **কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রতিনিধি তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাঠ পর্যায়ে কৃষকদেরকে সার্বিক ভাবে বিভিন্ন দিন নির্দেশনা প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হলো।

**বাস্তবায়ন ঃ** উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৫. **প্রাণি সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় জানান যে,জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহত হচ্ছে। তাছাড়া প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী করে তোলা হচ্ছে। খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রশিক্ষণের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী

করে তোলা,এবং খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করার জন্য ও বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা উপজেলা প্রাণি সম্পদ অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৬. **মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য অফিসার প্রতিনিধি, উপজেলা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। তিনি আরও জানান বিভিন্ন বাজারে এবং হাওর খাল বিলে ১৮ অভিযান এবং ০৪ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। পোনা মাছ অবমুক্তি করা হয়েছে শনির হাওর ও উপজেলা পরিষদ ০২ নং পুকুর। উপজেলার বিভিন্ন গ্রামে ১৯ টি প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য এবং মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন বাজারে হাওরে কারেন্টজাল দিয়ে মাছ ধরতে না পারে সে জন্য সময় সময় অভিযান পরিচালনা চলমান রাখতে হবে। তাছাড়া অত্র উপজেলায় ১৯টি প্রদর্শনী খামারের নাম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর ও উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর বরাবর তালিকা প্রেরণের জন্য উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মৎস্য অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

০৭. **শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুর তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্য ম সঠিক ভাবে চলছে। তাছাড়া করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে সরকারের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্র তষ্ঠানের শ্রেণীর পাঠদান কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে পরিচালনাসহ করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি ও সরকারের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণির পাঠদান কার্যক্রম চলমান রাখা। বিদ্যালয় পরিদর্শন করা এবং সংশ্লিষ্ট সকল শিক্ষক উপস্থিতি নিশ্চত করে যথাযথ ভাবে পালন করার জন্য এবং সঠিক সময়ে বিদ্যালয়ে শিক্ষগণের উপস্থিতি নিশ্চত করার বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ (সংশ্লিষ্ট সকল)।

০৮. **প্রকৌশলী বিভাগঃ** উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তাহিরপুর উপজেলায় যে সকল গুরুত্বপূর্ণ গ্রামীণ সড়ক আইডিবিহীন রয়েছে সে সকল আইডিবিহীন সড়ক উন্নয়নের লক্ষে জনস্বার্থে তাহিরপুর উপজেলার ০৭টি ইউনিয়নের আইডিবিহীন সড়কের তালিকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ কর্তৃক ও উপজেলা প্রকৌশলীর সমন্বয়ে মোট ৪৯ টি আইডিবিহীন সড়ক এলজিইডি রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করার জন্য সভায় আলোচনা করা হয়। যা পরিশিষ্ট "খ,গ,ঘ,ঙ প্রদশিত। সভায় আলচোনা করা হয় ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি প্রকল্প বাস্তবায়নের লক্ষে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা পরিষদের সরকারি সকল বিভাগের প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন খাত ওয়ারী প্রকল্পের তালিকা দাখিল করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র রেপ্ররণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুকে অনুরোধ করা হয়। উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান উপজেলা ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস মেরামতের কাজ চলমান রয়েছে। কাজটি সম্পন্ন ভাবে শেষ করতে আরও ২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলায় যে সকল গুরুত্বপূর্ণ গ্রামীণ সড়ক আইডিবিহীন রয়েছে সে সকল আইডিবিহীন সড়ক উন্নয়নের লক্ষে জনস্বার্থে মোট ৪৯ টি আইডিবিহীন সড়ক এলজিইডি রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা হগ্রহণের জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হয়। যা পরিশিষ্ট "খ, গ,ঘ, ঙ প্রদশিত।

(০২) ঃ বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি প্রকল্প বাস্তবায়নের লক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এবং উপজেলা পরিষদের সরকারি সকল বিভাগের প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন খাত ওয়ারী প্রকল্পের তালিকা দাখিল করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র রেপ্ররণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুকে অনুরোধ করা হয়।

(০৩) ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস মেরামতের জন্য আরও ২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকা প্রয়োজন। তাই উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে



CamScanner

২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকা ব্যায়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা প্রকৌশলী,এলজিইডি,তাহিরপুর,সুনামগঞ্জ (সংশ্লিষ্ট)।

০৯. **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে জনসংখ্যা হ্রাসের লক্ষ্যে প্রয়োজনীয় জন্ম বিরতিকরণসহ আরও অন্যান্য স্থায়ী পদ্ধতি ব্যবহারের জন্য মাঠ পর্যায়ে কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ,তাহিরপুরকে অনুরোধ করা হয়।

(০২) ঃ অত্র উপজেলার যে সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে সে সকল কেন্দ্র নিয়মিত দর্শন/ পরিদর্শন করে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

(০৩) ঃ যে সকল FWC তে বিশুদ্ধ পানি পান করার জন্য নলকুপ নেই সে সকল FWC তে বিশুদ্ধ পানি পান করার জন্য নলকুপ স্থাপনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১০. **সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা অফিসার,তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকার কারণে তাহার দাপ্তরিক ককার্যক্রম সম্পর্কে কিছু যানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য ভিন্নমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** (১) ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী সাসিক সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা সমাজসেবা অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্শণ করা হয়।

(২) ঃ বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন প্রকার ভাতা ভোগীদেরকে কোন প্রকার হয়রানী করা যাবেনা সঠিক সময়ে তাদের ভাতা বিতরণ করতে হবে যদি এ বিষয়ে কোন প্রকার গাফিলতি পাওয়া যায় তবে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(২) ঃ মাসিক প্রতিবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর ও উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর বরাবর প্রেরণ করার জন্য বলা হলেও এ যাবত কোন প্রকার তথ্য পাওয়া যায়নি তাতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ফলে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা সমাজসেবা অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ ।

১১. **মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিনিধি তাহিরপুর সভায় অবহিত করেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোভিড-১৯, করোনা ভাইরাস সংক্রমণের কারণে সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণী পাঠদান কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯, করোনা ভাইরাস সংক্রমণের কারণে সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণী পাঠদান কার্যক্রম সম্পর্কে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করার জন্য এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের দরজা জানালা সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হল।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১২. **সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে দাপ্তকি কার্যক্রম সুষ্ঠুভাবে পালন করার জন্য উপজেলা সমবায় অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

১৩. **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সসুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়

**বাস্তবায়ন ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর,সুনামগঞ্জ।

১৪. **জনস্বাস্থ্য বিভাগ ঃ** চউপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে ০৬ নং হ্যান্ড পাম্প এর পরিবর্তে সাবমার্জিবল পাম্প বরাদ্দ দেওয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন** ঃ উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ।

১৫. **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষাবেক্ষনের টিআর, কাবিখা-কাবিটা ও ইজিপিপি খাতে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে বিভাজ করে উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তারিখা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, তাহিরপুরে দাখিল করার জন্য অবহিত করেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় জানান অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসুচির (ইজিপিপি) বিষয়ে শ্রমিক তালিকা পরিবর্তনের জন্য প্রস্তাব করেন। কারণ বিগত বন্যার কারণে অনেক মানুষের কাজের সন্ধানে এলাকা/স্থাচ্যুতি ঘটেছে। বর্তমানে তালিকাভূক্ত শ্রমিকের বেশ কিছু অংশ ফেব্রুয়ারী/২০২২ এর ইউপি নির্বাচনকে বিবেচনায় শ্রমিক নির্বাচিত করায় অনেক শ্রমিকের মাঝে কর্মসংস্থার অভাব পরিলক্ষিত হয়। যার দরুন,২০২১-২০২২ এর পর্যায়ে অনেক অর্থ অব্যয়িত/ফেরৎ চলে যায়। বন্যার কারণে নতুন করে অনেক শ্রমিকের সৃষ্টি হয়েছে, বিধায় শ্রমিক সংখ্যাও বৃদ্ধি করা প্রয়োজন। ভৌগলিক অবস্থা বিবেচনায় সবগুলি ওয়ার্ডে একই রখম কাজের উপযোগীতা না থাকায় ওয়ার্ড ভিত্তিক শ্রমিক পুনঃ বিভাজন প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে জানান টিআর, কাবিখা-কাবিটা ও ইজিপিপি খাতে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তালিখা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, তাহিরপুরে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করেন।

**বাস্তবায়ন** ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১৬. **পল্লী উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভার জানান দাপ্তরিক কার্যক্রম সসুষ্ঠুভাবে চলছে ।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সসুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন** ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

১৭. **মহিলা বিষয়ক বিভাগ** ঃ উপজেলা মহিলা বিষক অফিসার তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকার কারণে দাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু যানা যায়নি।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী সাসিক সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা সমাজসেবা অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্শণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১৮. **আনসার ও ভিডিপি বিভাগ** ঃ উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পালন করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন** ঃ উপজেলা আনসার ভিডিপি অফিসার ( ভারপ্রাপ্ত), তাহিরপুর, সুনামগঞ্জ।

১৯. **ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক** ঃ উপজেলা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে,দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ সংশ্লিষ্ট সকল, তাহিরপুর, সুনামগঞ্জ।

২০. **বিবিধ** ঃ চেয়ারম্যান উপজেলা পরিষদ, অফিসের কাজে নিয়োজিত ডেস্কটপ কম্পিউটারটির মাদারবোর্ড বিকল হয়ে যাওয়ায়

দাপ্তরিক কার্যক্রম পরিচালনার লক্ষে নতুন একটি মাদারবোর্ড-৯৫০০/- (নয় হাজার পাচশত) টাকায় ক্রয় করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের নিমিত্ত জনাব জনাব মোঃ জহিরুল হক, সি.এ, উপজেলা পরিষদ,তাহিরপুর বিগত ২৪-০৮-



CamScanner

২০২০ তারিখ ৯৫০০/- (নয় হাজার পাচশত) টাকার ব্যয় ভাউচারসহ একটি আবেদন দাখিল করেন। ব্যয় ভাউচার সঠিক থাকায় সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ, অফিসের কাজে নিয়োজিত ডেস্কটপ কম্পিউটারটির মাদারবোর্ড বিকল হয়ে যাওয়ায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনার লক্ষে নতুন একটি মাদারবোর্ড-৯৫০০/- (নয় হাজার পাচশত) টাকায় ক্রয় করা হয়। উক্ত ব্যয় ভাউচার সঠিক থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ।

২১. সভায় আলোচনা করা হয় আসন্ন দূর্গাপুজা/২০২২ উপলক্ষে জনাব সুন্তোষ পুরকায়স্থ,উপজেলা পরিষদের চুক্তিভিত্তিক কর্মচারী বিগত ২৪-০৮-২০২২ তারিখ উৎসব ভাতা পাওয়ার জন্য একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে আসন্ন দূর্গাপুজা/২০২২ উপলক্ষে জনাব সুন্তোষ পুরকায়স্থ,উপজেলা পরিষদের চুক্তিভিত্তিক কর্মচারী বিগত ২৪-০৮-২০২২ তারিখ উৎসব ভাতা পাওয়ার জন্য একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে উপজেলা পরিষদের চুক্তিভিত্তিক কর্মচারী জনাব সুন্তোষ পুরকায়স্থ,পরিচ্ছন্নতাকর্মী, ৮০০০/- (আট হাজার) টাকা হারে মোট ( ৮০০০×২) = ১৬,০০০/- (ষোল হাজার) টাকা উৎসব ভাতা বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর।

২৩. সভায় আলোচনা করা হয় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় তাহিরপুর এর বিদ্যুৎ সমস্যাজনিত কারণে দাপ্তরিক কাজের সুবিধার্থে ০৩ (তিন) টি আইপিএস ০৫টি ব্যাটারীসহ ভ্যাট আইটিসহ সর্বমোট ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকয় ক্রয় করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের নিমিত্তে জনাব আলী আহমদ, পিতা-মৃত- রবিউল্লাহ, সাং- জয়নগর,ইউনিয়ন- তাহিরপুর সদর, উপজেলা-তাহিরপুর, জেলা-সুনামগঞ্জ কর্তৃক ২৪-০৮-২০২২ তারিখ একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় তাহিরপুর এর বিদ্যুৎ সমস্যাজনিত কারণে দাপ্তরিক কাজের সুবিধার্থে ০৩ (তিন) টি আইপিএস ০৫টি ব্যাটারীর ব্যয় বিল ভাউচার সঠিক থাকায়। ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জনাব জনাব আলী আহমদ, পিতা-মৃত- রবিউল্লাহ, সাং- জয়নগর, ইউনিয়ন- তাহিরপুর সদর, উপজেলা-তাহিরপুর, জেলা-সুনামগঞ্জকে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর।

২৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে মহামারী করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সামাজিক দূরত্ব/স্বাস্থ্য বিধি মেনে চলার অনুরোধ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৮/2022

(করুনা সিন্ধু চৌধূরী বাবুল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯- ০৬(৫০) তারিখঃ ২৫/০৮/২০২২খ্রি

সদয় অবগতি প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।



CamScanner

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

০৯। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

১০। উপজেলা..............................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।

১১। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।

১২। অফিস নথি/ মাস্টার ফাইল।

২৫।০৮।2022

(মোঃ রায়হান কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com

সভাপতি: জনাব কমলা সিন্ধু চৌধুরী, কমল, চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ লাহিড়ীপুর
সভার তারিখ: ২৫/৮/২০২২ সময়: ১২.০০ ঘটিকা
সভার স্থান:- উপজেলা পরিষদ কনফারেন্স হল রুম -

| ক্র. | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১ | জনাব কমলা সিন্ধু চৌধুরী কমল | চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ, লাহিড়ীপুর | |
| ০২ | জনাব মোঃ বাবর কবির | উপজেলা নির্বাহী অফিসার লাহিড়ীপুর | |
| ০৩ | জনাব বিমান উদ্দিন | উপজেলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০৪ | জনাব আনোয়ারা বেগম | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০৫ | জনাব আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান রামপুর ৬নং ইউপি | [signature] |
| ০৬ | জনাব মোঃ মাসুদ মিয়া | চেয়ারম্যান বড়পাল ইউপি | [signature] |
| ০৭ | জনাব নুরুল আলী | চেয়ারম্যান লাহিড়ীপুর সদর | [signature] |
| ০৮ | জনাব আবুল হোসেন | " আখানগর ইউপি | [signature] |
| ০৯ | জনাব আব্দুল আহাদ মুকুল | " রামপুর কাচারি | [signature] 25/8/22 |

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | ডা: আব্দুল্লাহ আল মামুন | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, [illegible] | [signature] |
| ১১ | মো: আবু সাঈদ | AEO | [signature] |
| ১২ | মো: [illegible] | UFPO | [signature] ২৩/৮/২০২২ |
| ১৩ | মো: [illegible] | URDO | [signature] |
| ১৪ | [illegible] | [illegible] কর্মকর্তা | [signature] |
| ১৫ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১৬ | মনোলাল রায় | প্রভাষক, [illegible] | [signature] |
| ১৭ | আল-আমিন | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] |
| ১৮ | রমাকান্ত দেবনাথ | AUSEO | [signature] |

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৯ | শফিকুল ইসলাম | [illegible] ও [illegible], [illegible] | [signature] |
| ২০ | [illegible] | | [signature] |
| ২১ | কাজী মাহমুদুর রহমান | [illegible] | [signature] |
| ২২ | মো: [illegible] | [illegible] | [signature] |
| ২৩ | আব্দুল মান্নান [illegible] | [illegible] | [signature] |
| ২৪ | [illegible] | [illegible] | [signature] |
| ২৫ | মো: ইকবাল কবির | [illegible] | [signature] |
| ২৬ | ডা. মির্জা [illegible] | UHFPO | [signature] |